

সংসদে স্বতন্ত্র সাংসদের প্রশ্ন পরীক্ষাকেন্দ্র পাহারায় পুলিশ, পরীক্ষার্থীদের পাহারায় কে?

নিম্নস্থ প্রতিবেদক ●

স্বতন্ত্র সাংসদ রুস্তম আলী ফরাজী গতকাল রোববার সংসদে ৬৮ বিধিতে দেওয়া জরুরি জনগুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করেন। প্রস্তাবে তিনি বলেন, এসএসসি পরীক্ষা শুরুত্বপূর্ণ। পুলিশ পরীক্ষাকেন্দ্র পাহারা দিচ্ছে, কিন্তু পরীক্ষার্থীদের কে পাহারা দেবে? তিনি সাত দিন সময় নিয়ে বিভিন্ন পেশা ও শ্রেণির মানুষের সঙ্গে পরামর্শ করে শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা নেওয়ার জন্য নোটিশ দেন।

এই প্রস্তাবকে সমর্থন করে সংসদ নেতা বলেন, এটি গ্রহণযোগ্য। দেশের মানুষকে একাবদ্ধ করে ছাত্রছাত্রীদের জীবন রক্ষা করতে হবে। পরীক্ষা যাতে সুষ্ঠুভাবে হয়, সেই ব্যবস্থা করতে হবে।

একই বিষয়ের ওপর আলোচনায় আমির হোসেন, আর্মু বলেন, বিএনপি-জামায়াত দেশকে অকার্যকর রাষ্ট্রে পরিণত করতে চায়। আফগানিস্তান ও ইরাকে যা ঘটছে, বাংলাদেশেও ঘটানোর চেষ্টা হচ্ছে। আইএস, আল-কায়েদা ও পাকিস্তানের নির্দেশে ও অর্থে এ সন্ত্রাস চালানো হচ্ছে।

তোফায়েল আহমেদ বলেন, যুক্তরাষ্ট্র কি লাদেন, আইএস ও ডালেবানের সঙ্গে আপস করেছে? বাংলাদেশও করবে না। তিনি বলেন, বিএনপি-জামায়াত যা করছে, তা সন্ত্রাসী কর্মকাণ্ড। তাদের হরতালে জনগণের সাড়া নেই। তাই তারা নাশকতা চালাচ্ছে।

রাশেদ খান মেনন বলেন, খালেদা জিয়া রাজনীতিতে হেরে গিয়ে শিক্ষাব্যবস্থার ওপর আক্রমণ করেছেন।

শেখ ফজলুল করিম সেলিম বলেন, বিএনপি-জামায়াত দেশকে আইএস-ডালেবান রাষ্ট্র বানাতে চায়। সন্ত্রাস ও জঙ্গিবাদীদের সঙ্গে কোনো

আলোচনা হতে পারে না।

মতিয়া চৌধুরী বলেন, 'রাস্কসী দানবের সঙ্গে সংলাপ হতে পারে না। একজন সদস্য তাকে মহারানি ভিটোরিয়ার সঙ্গে তুলনা করেছেন। আমি বলি তিনি ক্লিওপেট্রা, যিনি অন্যভাবে সবার মন জয় করেছিলেন। ঈর্ষার অনলে তিনি ছাত্রদের ভবিষ্যৎ নষ্ট করছেন।'

জাসদের মঈন উদ্দীন খান বাদল বলেন, 'যুক্তরাষ্ট্র লাদেন ও আইএস এবং মিসরে যেভাবে জঙ্গিবাদ দমন করেছে, আমাদের সেইভাবে জঙ্গিবাদ দমন করতে হবে।'

এক ঘণ্টার এই আলোচনার সময় মার্কিন রাষ্ট্রদূত মার্শা স্ট্রিফেনস হুম বার্নিক্যাট সংসদের গ্যালারিতে উপস্থিত ছিলেন। তোফায়েল আহমেদ বাংলা ও ইংরেজি মিলিয়ে এবং মঈন উদ্দীন খান পুরোপুরি ইংরেজিতে বক্তব্য দেন। আলোচনায় আরও অংশ নেন সুরঞ্জিত সেনগুপ্ত, আবদুল মান্নান, আবদুর রহমান, জুনাইদ আহমেদ, এনামুর রহমান, পীর ফজলুর রহমান, মাহজাবিন মোরশেদ ও হাজি মো. সেলিম।